তারিখ : 29 MAY 2016
পৃষ্ঠা : ১৮ কলাম : ৭

সমকাল

# একাদশ শ্রেণীতে ভর্তির তথ্য

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য ২৬ মে থেকে থেকে আবেদন গ্রহণ শুরু হয়েছে। আগামী ৯ জুন পর্যন্ত আবেদন করা যাবে। এবারও অনলাইন ও মুঠোফোনে খুদে বার্তা পাঠিয়ে আবেদন করা যাবে। অনলাইনে আবেদন করতে হবে www.xiclassadmission.gov.bd ঠিকানায়। মুঠোফোনে আবেদন করতে হবে টেলিটক মুঠোফোনের (প্রি-পেইড) মাধ্যমে। অনলাইনে ভর্তিচ্ছু একজন শিক্ষার্থী এক আবেদনেই ১০টি কলেজ পছন্দক্রম দিতে পারবে। অনলাইনে আবেদনের জন্য ১৫০ টাকা দিতে হবে। এর পাশাপাশি খুদে বার্তায় আরও ১০টি কলেজের পছন্দক্রম দেওয়া যাবে। তবে খুদে বার্তায় আবেদনের জন্য প্রতি খুদে বার্তায় একটি কলেজের নাম দেওয়া যাবে। আর এ জন্য প্রতি খুদে বার্তার জন্য ১২০ টাকা করে দিতে হবে। এই হিসেবে ভর্তিচ্ছু একজন শিক্ষার্থী ২০টি কলেজে ভর্তির জন্য আবেদনের সুযোগ পাচ্ছে।

মুঠোফোনে আবেদনের জন্য একই নম্বর ব্যবহার করতে হবে এবং সেই সিম অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত হতে হবে।

অনলাইনে আবেদনের আগে শিক্ষার্থীকে শুধু টেলিটকের মুঠোফোন (প্রি-পেইড) ব্যবহার করে অনলাইনের আবেদন ফি খুদে বার্তার মাধ্যমে দিতে হবে। ভর্তির এই নির্দেশিকা ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেওয়া আছে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে সে অনুযায়ী সব কলেজেই তার মেধাক্রম নির্ধারণ করা হবে। সমান জিপিএ পাওয়াদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। আবেদনের পর ১৬ জুন ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। এরপর আসনের বিপরীতে নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি ও নিশ্চায়তা দিতে হবে ১৮ থেকে ২২ জুনের মধ্যে। অপেক্ষমাণ তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি ও নিশ্চায়তা দিতে হবে ২৩ থেকে ৩০ জুনের মধ্যে। তবে বিলম্ব ফি দিয়ে আগামী ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত ভর্তি হওয়া যাবে। এবার ক্লাস শুরু হবে ১০ জুলাই।